তারিখ 15 MAY 2005
পৃষ্ঠা ১ কলাম ৭

সংবাদ



বরিশাল ঃ ইংরেজি ১ম পত্রের পরীক্ষা ফের নেয়ার দাবিতে এইচএসসি পরীক্ষার্থীদের মিছিল —সংবাদ

বরিশালে ইংরেজি ১ম পত্রের পরীক্ষা আবার নেয়ার দাবিতে বিক্ষোভ

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

ইংরেজি প্রথমপত্রের পরীক্ষা আবার গ্রহণ অথবা সব পরীক্ষার্থীকে গ্রেস মার্ক দেয়ার দাবিতে গতকাল শনিবার বরিশাল বোর্ডের পরীক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করে। ইংরেজি দ্বিতীয়পত্রের পরীক্ষা শেষে তারা এ মিছিল বের করে।

পরীক্ষার্থীরা জানায়, ইংরেজি প্রথমপত্রের প্রশ্ন অত্যন্ত খারাপ হওয়ায় এবং প্রশ্নবিরোধী প্রশ্ন করায় এ বছর অধিকসংখ্যক পরীক্ষার্থী

পরীক্ষা (পৃ: ১১ কঃ ৫)

পরীক্ষা বিক্ষোভ

(১ম পৃষ্ঠার পর)

ফেল করবে নতুবা গ্রেড কমে যাবে। মিছিলকারীরা নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যক্ষ আনোয়ারুল হক ও পরীক্ষা নিয়ন্ত্রক পিয়ারউদ্দিন আহমেদের সঙ্গে সাক্ষাৎ করে তাদের দাবি জানায়। বোর্ড কর্তৃপক্ষ ছাত্রদের দাবির বিষয়টি আন্তঃবোর্ডের সভায় বিবেচনার জন্য উত্থাপন করবেন বলে আশ্বাস দেন। এদিকে শনিবার পরীক্ষা চলাকালে 'শুভ সকালের বার্তা' নামে একটি সংবাদপত্রের সম্পাদক পরিচয় দিয়ে জনৈক মামুনুর রশীদ সরকারি হাতেম আলী কলেজের পরীক্ষা হলে ঢুকতে চান; কিন্তু অধ্যক্ষ এবং এক শিক্ষিকা তাকে ঢোকার অনুমতি না দেয়ায় কথিত সাংবাদিক তাদেরকে অকথ্য ভাষায় গালাগালি করেন। পরে তিনি কলেজ গেটে পাহারারত পিয়ন আ. খালেক মল্লিককে মারধর করেন। তাকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করা হয়। এ ব্যাপারে পিয়ন বাদি হয়ে থানায়